

শেখ হাসিনার বারতা নারী-পুরুষ
সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
<http://www.dwa.gov.bd>

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০১২.৩১.০০১.২৩.৪০৫

২৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৭ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তরের মা ও শিশু সহায়তা কর্মসূচির MIS এর সাথে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এর MIS ইন্টারঅপারেবিলিটি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MIS ভিত্তিক মা ও শিশু সহায়তা কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং স্বাস্থ্য অধিদপ্তর এর সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর প্রেক্ষিতে সঠিক ভাষাভোগী চিহ্নিত করা, দ্বৈততা পরিহার এবং স্বাস্থ্য সেবায় গর্ভবতী মায়ের অন্তর্ভুক্তি নিশ্চিত করণের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের MIS এর সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের eMIS এবং স্বাস্থ্য অধিদপ্তরের DHIS2 এর তথ্য ইন্টারঅপারেবিলিটির মাধ্যমে যাচাই করা হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের eMIS হতে আবেদনকারীর প্রজনন স্বাস্থ্য তথ্যের ক্ষেত্রে গর্ভবতী মহিলার নাম (বাংলা ও ইংরেজিতে), জন্মতারিখ, স্বামী/পিতা/মাতার নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, গর্ভধারণ ক্রম, জীবিত সন্তানের সংখ্যা, এ এন সি গ্রহণের তারিখ ও ক্রম, পি এন সি গ্রহণের তারিখ ও সময়, ১ম ও ২য় সন্তানের জন্মের বয়সের পার্থক্য এবং শিশু ও মায়ের মৃত্যুর তথ্যের ক্ষেত্রে - জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম তারিখ, মৃত্যুর তারিখ, মৃত্যুর কারণ, মৃত ব্যক্তির পিতা/স্বামীর নাম (ইংরেজিতে), মৃত ব্যক্তির পিতা/স্বামীর নাম (বাংলায়), মৃত ব্যক্তির পিতা/স্বামীর জন্ম নিবন্ধন নম্বর, বর্তমান ঠিকানা, মৃত্যু স্থান, মৃত ব্যক্তির পিতা-মাতা বা অভিভাবকের মোবাইল নম্বর গ্রহণ করা হবে। স্বাস্থ্য অধিদপ্তরের DHIS2 হতে প্রজনন স্বাস্থ্য তথ্যের ক্ষেত্রে গর্ভবতী মহিলার নাম (বাংলা ও ইংরেজিতে), জন্ম তারিখ, স্বামী, পিতা ও মাতার নাম, জাতীয় পরিচয় পত্র নম্বর, জীবিত সন্তানের সংখ্যা, এ এন সি গ্রহণের তারিখ ও ক্রম, পি এন সি গ্রহণের তারিখ ও ক্রম, ১ম ও ২য় সন্তানের জন্ম তারিখ গ্রহণ করা হবে।

এ কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা পর্যায়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় হতে গর্ভবতী মহিলাদের তথ্য যথাক্রমে eMIS ও DHIS2 এ সঠিকভাবে ও সঠিক সময়ে অন্তর্ভুক্ত করতে হবে।

এমতাবস্থায়, eMIS ও DHIS2 এ সঠিকভাবে তথ্য অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হল।

০৭-০৯-২০২৩

মনোয়ারা ইশরাত

পরিচালক

০২-৫৮৩১০৬২৯

dwadhaka.director@gmail.com

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোদাগাড়ী/রাজশাহী, গঙ্গাছড়া/রংপুর, চিতলমারী/বাগেরহাট, মোহনগঞ্জ/নেত্রকোনা, মেহেন্দীগঞ্জ/বরিশাল, থানচি/বান্দরবান, গোয়াইনঘাট/সিলেট (সার্বিক সমন্বয়ের জন্য);
- ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী/রাজশাহী, গঙ্গাছড়া/রংপুর, চিতলমারী/বাগেরহাট, মোহনগঞ্জ/নেত্রকোনা,

মেহেন্দীগঞ্জ/বরিশাল, থানচি/বান্দরবান, গোয়াইনঘাট/সিলেট (DHIS2 এ সঠিকভাবে তথ্য অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য);
৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী/রাজশাহী, গঙ্গাছড়া/রংপুর, চিতলমারী/বাগেরহাট, মোহনগঞ্জ/নেত্রকোনা,
মেহেন্দীগঞ্জ/বরিশাল, থানচি/বান্দরবান, গোয়াইনঘাট/সিলেট (eMIS এ সঠিকভাবে তথ্য অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) এবং
৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী/রাজশাহী, গঙ্গাছড়া/রংপুর, চিতলমারী/বাগেরহাট, মোহনগঞ্জ/নেত্রকোনা, মেহেন্দীগঞ্জ/বরিশাল,
থানচি/বান্দরবান, গোয়াইনঘাট/সিলেট।

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০১২.৩১.০০১.২৩.৪০৫/১ (৩)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
০৭ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী/বান্দরবান/বরিশাল/নেত্রকোনা/বাগেরহাট/সিলেট/রংপুর;
- ২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (মহাপরিচালকের সদয় অবগতির জন্য) এবং
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)।



০৭-০৯-২০২৩
মনোয়ারা ইশরাত
পরিচালক